




ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি

রাউতাইল ঝিনাইদহ

ফোনঃ ০২৪৭৭৪৭০১৬, ই-মেইলঃ jhenaidah_pbs@yahoo.com

ওয়েবসাইটঃ www.pbs.jhenaidah.gov.bd



স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৪৮.০২.০০৮.২৪. ০০০

তারিখ- ১৬ মাঘ' ১৪৩০ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি' ২০২৪ খ্রিঃ

আইন উপদেষ্টা (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির মামলা মোকদ্দমা পরিচালনা এবং সমিতির বিভিন্ন কর্মকাণ্ডের প্রয়োজনে আইন বিষয়ক পরামর্শ গ্রহণের জন্য একজন আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী ও আইন পেশায় নিয়োজিত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত তথ্যসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নিম্নবর্ণিত ছক আকারে প্রার্থীগণকে আবেদন করতে হবেঃ

ক) আবেদনকারীর নাম (স্পষ্ট অক্ষরে)।

খ) স্থায়ী ও বর্তমান ঠিকানা।

গ) এ্যাডভোকেট হিসেবে তালিকাভুক্তির তারিখ।

ঘ) আইন ব্যবসায়ের সময় কালঃ

০১) সহকারী জজকোর্ট/ উপজেলা কোর্ট।

০২) জজ কোর্ট।

০৩) সুপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশন/ আপীল ডিভিশন।

ঙ) আইন উপদেষ্টা পদে পূর্ব অভিজ্ঞতা।

চ) স্থানীয় স্বায়ত্ত্বশাসিত অথবা অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা পদে বর্তমানে নিয়োজিত থাকলে তার পূর্ণ বিবরণ।

ছ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

জ) সকল পরীক্ষার পাশের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।

ঝ) বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত “এনরোলমেন্ট সার্টিফিকেট” এর সত্যায়িত ফটোকপি।

ঞ) সংশ্লিষ্ট কোর্টের আইনজীবী হিসেবে অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।

শর্তাবলীঃ

০১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।

০২) ঝিনাইদহ জেলা সদরে অথবা থানা পরিষদে আইন পেশায় নিয়োজিত অবসর প্রাপ্ত জুডিশিয়াল অফিসারসহ যারা জেলা/ উপজেলা কোর্ট/ সহকারী জজ কোর্টে অন্ততপক্ষে ০৮ (আট) বৎসর যাবত আইন পেশায় নিয়োজিত আছেন কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।

০৩) আইন উপদেষ্টা পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। নিয়োগ প্রাপ্তির পর চুক্তিকালীন সময়ে উভয় পক্ষ ০১ (এক) মাসের অগ্রীম নোটিশের মাধ্যমে চুক্তি বাতিল করতে পারবেন।

০৪) মাসিক ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা রিটাইনার ফিসহ নিম্ন আদালত, হাইকোর্ট, সুপ্রীম কোর্টে মামলা পরিচালনার জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে ফি প্রদান করা হবে।

০৫) অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে আইন উপদেষ্টা হিসেবে নিয়োজিত থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৬) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আইন উপদেষ্টা নিয়োগের বিষয়টি চূড়ান্ত হবে।

০৭) বর্তমানে অত্র প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা হিসেবে কর্মরত প্রার্থীও আবেদন করতে পারবেন।

০৮) নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যা উদ্ভব হলে ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লিখিত যোগ্যতা সম্পন্ন ও শর্ত প্রতিপালনে ইচ্ছুক আইনজীবীগণকে আগামী ১৩/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ব্যক্তিগত ভাবে অথবা ডাকযোগে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে (ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ) আবেদন পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো। অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচনা করা হবে না।

(প্রকৌঃ মোঃ ইমদাদুল ইসলাম)

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ)/লিগ্যাল এ্যাফেয়ার্স পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০২) জেলা প্রশাসক/ পুলিশ সুপার, ঝিনাইদহ।

০৩) জেলা জজ, ঝিনাইদহ।

০৪) সভাপতি/ প্রেস ক্লাব বার কাউন্সিল, ঝিনাইদহ।

০৫) ডিজিএম, শৈলকুপা/মহেশপুর/কালীগঞ্জ/হরিণাকুন্ডু জোনাল অফিস/সদর-কারিগরি, ঝিনাইদহ পবিস।

০৬) এজিএম (ওএন্ডএম), কোটচাঁদপুর/বারবাজার/হাটফাজিলপুর সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।

০৭) এজিএম (অর্থ/ইএন্ডসি/ওএন্ডএম/এমএস/আইটি/এইচআর), ঝিনাইদহ পবিস।

০৮) জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), ঝিনাইদহ পবিস- বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।

০৯) নোটিশ বোর্ড, সদর দপ্তর/শৈলকুপা/মহেশপুর/কালীগঞ্জ/হরিণাকুন্ডু, জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।

১০) অফিস কপি।

D:\GS\100.3 Convert.docx

(প্রকৌঃ মোঃ ইমদাদুল ইসলাম)

জেনারেল ম্যানেজার